**বাংলাদেশ কৃষি ব্যাংক স্টাফ কলেজ**
প্লট#৩, ব্লক#এ, সেকশন#১৩
মিরপুর, ঢাকা-১২১৬।

**ফোনঃ** ০২-৪৮০৩২০৪৪,
০২-৫৮০৫০৪৮৭

**Email:**gmsc@krishibank.org.bd

নং-বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০২৩-২০২৪/১০৭৫ তারিখঃ ১৪ মার্চ ,২০২৪

**মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক**
মুখ্য আঞ্চলিক কার্যালয়
বরিশাল, ঝালকাঠি ,পটুয়াখালী ও বরগুনা
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ গ্রীন ব্যাংকিং, সাসটেইনেবল ফাইন্যান্স, এসএমই নারী উদ্যোক্তা খাতসহ সার্বিক ঋণ বিতরণ কার্যক্রমে মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তাদের অস্পষ্টতা দূরীকরণে মাঠকার্যালয় সমূহে প্রশিক্ষণ কর্মশালা আয়োজন প্রসঙ্গে।

সূত্র নংঃ ০১। প্রকা/ক্রেবি (শাখা-৩) প্রক্রেবি-৩(৭৯)/২০২৩-২০২৪/৯৬০ ; তারিখ ঃ ২৫-১০-২০২৩

**মহোদয়,**

বিকেবি প্রধান কার্যালয়ের ক্রেডিট বিভাগ এর সূত্রে উল্লিখিত পত্র মোতাবেক এবং বিকেবি স্টাফ কলেজের বার্ষিক কারিকুলাম ২০২৩-২০২৪ অনুযায়ী বিকেবি স্টাফ কলেজ কর্তৃক আঞ্চলিক পর্যায়ে " **গ্রীন ব্যাংকিং, সাসটেইনেবল ফাইন্যান্স, এসএমই নারী উদ্যোক্তা খাতসহ সার্বিক ঋণ বিতরণ কার্যক্রমে মাঠপর্যায়ে কর্মরত কর্মকর্তাদের অস্পষ্টতা দূরীকরণ** " শীর্ষক ০১(এক) দিনের প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের ব্যবস্থা করার নিমিত্ত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় সদয় অনুমোদন প্রদান করেছেন। সে প্রেক্ষিতে নিম্নবর্ণিত তফসিল অনুসারে উক্ত বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করার জন্য অনুরোধ করা হলো ।

**প্রশিক্ষণ তফসিল**

| মুখ্য অঞ্চল | তারিখ ও সময় | ভেন্যু | প্রশিক্ষণার্থীর স্তর | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|
| মুখ্য আঞ্চলিক কার্যালয়,পটুয়াখালী এবং বরগুনা এর আওতাধীন সকল শাখা (একত্রে) | ২২/০৩/২০২৪ | মুখ্য আঞ্চলিক কার্যালয়,পটুয়াখালী | ব্যবস্থাপক/ঋণ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ | ৬০ (ষাট) জন |
| মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল এবং ঝালকাঠিএর আওতাধীন সকল শাখা (একত্রে) | ২৩/০৩/২০২৪ | মুখ্য আঞ্চলিক কার্যালয়, বরিশাল | ব্যবস্থাপক/ঋণ সংক্রান্ত কাজে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ | ৬০ (ষাট) জন |

০২। বিকেবি, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১ এর প্রশাসন পরিপত্র নং-০৯/২০২২, তারিখ : ১৭-১০-২০২২ মোতাবেক প্রশিক্ষণার্থীদের খাবার খরচ ও অতিথি বক্তাদের সম্মানী নিম্নোক্ত হারে নির্বাহ করা যাবে ঃ

ক) খাবারের খরচ :

| | |
|---|---|
| জনপ্রতি প্রশিক্ষণার্থীর খাবার খরচ (আয়োজক কার্যালয়ের নির্বাহী এবং প্রশিক্ষক-সমন্বয়কারীগণসহ সর্বোচ্চ ১০ জন অন্তর্ভূক্ত হবেন) | ৫০০/- টাকা (সকাল-দুপুর-রাতের খাবার এবং প্রশিক্ষণ চলাকালীন সময়ে সকাল ও বিকালের হালকা নাস্তা) |

চলমান পাতা-০২

খ) অভ্যন্তরীণ প্রশিক্ষক অথবা অতিথি বক্তা হিসেবে যারা সেশন পরিচালনা করবেন তাদের নিম্লোক্ত ছক মোতাবেক সম্মানী প্রদান করা যাবে। সম্মানী প্রদানের সময় রাজস্ব টিকেট গ্রহণপূর্বক ১০% হারে উৎসে কর (৪১/১৬) কর্তন করে প্রদান করতে হবে।

| অভ্যন্তরীণ (বিকেবি স্টাফ কলেজ ব্যতীত) | | বিকেবি বহির্ভূত | |
|---|---|---|---|
| **পদবী** | **সম্মানী (টাকা)** | **পদবী** | **সম্মানী (টাকা)** |
| পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/ পরিচালক/ ব্যবস্থাপনা পরিচালক | ৫,০০০/- | যুগ্মসচিব ও তদুর্ধ্ব / সমপর্যায়/ সমগ্রেডভূক্ত কর্মকর্তা | **৫০০০/-** |
| উপব্যবস্থাপনা পরিচালক | ৪০০০/- | বেসরকারি বিশেষজ্ঞ বক্তা/ বিশিষ্ট নাগরিক | ৫০০০/- |
| মহাব্যবস্থাপক | ৩৫০০/- | উপসচিব ও তদ্‌নিম্ন / সমপর্যায় / সমগ্রেডভূক্ত কর্মকর্তা | ৪০০০/- |
| উপমহাব্যবস্থাপক | ৩০০০/- | | |
| সহকারী মহাব্যবস্থাপক | ২৫০০/- | | |
| উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ও তদ্‌নিম্ন কর্মকর্তা | ২০০০/- | | |

গ) প্রশিক্ষণের খরচ বিকেবি স্টাফ কলেজের প্রশিক্ষণ খাত হতে নির্বাহ করা হবে বিধায় সংশ্লিষ্ট কার্যালয় শুধু অগ্রিম গ্রহণ করে ব্যয় নির্বাহ করতে পারবেন। সকল প্রকার ভ্যাট (৪১/১০-এ) বিকেবি স্টাফ কলেজ কর্তৃক প্রদান করা হবে। উক্ত খরচসমূহ কোর্স সমাপ্তির পর বিকেবি সাধারণ হিসাবের মাধ্যমে বিকেবি স্টাফ কলেজ শাখার উপর ডেবিট এ্যাডভাইস ইস্যু করে স্থানান্তরের ব্যবস্থা করতে হবে। হিসাব সমন্বয়ের সুবিধার্থে ডেবিট এ্যাডভাইসের কপিসহ সকল খরচের মূল ভাউচার সংযুক্তিসহ বিকেবি স্টাফ কলেজের কোর্স সমন্বয়কারী বরাবর প্রেরণ করতে হবে।

ঘ) প্রশিক্ষণ পরবর্তীতে সার্টিফিকেট প্রদান করা হবে।

০৩। এতদ্‌সংক্রান্ত যে কোন বিষয়ে বিকেবি স্টাফ কলেজের সমন্বয়কারী জনাব মোঃ মর্তুজা আহমদ, উর্ধ্বতন অনুষদ সদস্য (সমন্বয়) ০১৯১৪-১০১৩১৬ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

**অনুমোদনক্রমে,**

১৪/০৩/২০২৪

**(মোঃ এহিয়াউল ইসলাম)**
উপমহাব্যবস্থাপক
মোবাইলঃ ০১৭১২-৮২১৮৯৮

**নং- বিকেবি/প্রকা/এসসি-৫(১৮)/২০২২-২০২৩/ ১০৭৫(৯)** **তারিখঃ** ১৪ মার্চ, ২০২৪

**<u>সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ</u>**

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার,অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি স্টাফ কলেজ, ঢাকা।
৫. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সংশ্লিষ্ট সকল বিভাগীয় কার্যালয়।
৬. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়।
৭. উপমহাব্যবস্থাপক,এইচআরএমডি-২,আইসিটি সিস্টেম বিভাগ, ক্রেডিট বিভাগ,বিকেবি, প্রকা, ঢাকা। **পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।**
৮. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,
৯. অফিস কপি/ মহানথি।

১৪/০৩/২৪

**(মোহাম্মদ মোসাওয়ার হোসেন)**
উর্ধ্বতন অনুষদ সদস্য (সমন্বয়)
মোবাইলঃ ০১৭৫৪-৮৮৯৭২৪